দৈনিক বাংলা

তারিখ ২৭।১।৮২
পৃষ্ঠা ... কলাম ...

086

# পটিয়ায় খাল পুনঃখনন প্রকল্প উদ্বোধন

পটিয়া (চট্টগ্রাম), ২৬শে জানুয়ারী (বাসস)।—এখানকার ফরমান-উল্লাহ খাল পুনঃখনন প্রকল্পটি দেশের উন্নয়ন কার্যক্রমে জনগণের স্বেচ্ছাভিত্তিক অংশগ্রহণের আরেক স্বাক্ষর বহন করছে।

প্রেসিডেন্ট আবদুস সাত্তার গতকাল খাল এলাকায় এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রকল্পের কাজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই এলাকায় শুকনা মওসুমের সেচ ব্যবস্থা গড়ে তোলার জন্য খাল খনন কার্যক্রমে শামিল হতে হাজার হাজার মানুষ যুবা-বৃদ্ধ, নারী-পুরুষ, ছাত্র শ্রমিক ও কৃষক প্রকল্প এলাকায় সমবেত হন। তারা প্রেসিডেন্ট সাত্তারের সঙ্গে কোদাল হাতে নিয়ে আনুষ্ঠানিকভাবে খনন কাজ শুরু করেন। খালে সেচের পানি রাখার জন্য ২৭ লাখ ২৪ হাজার ঘনফুটেরও বেশী মাটি কাটা হবে।

চানডা ইউনিয়ন পরিষদের খারানা খাল থেকে সাত্তার বিল পর্যন্ত যে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পটিয়া খাল

(১ম পৃঃ পর)

অংশটি পুনঃখনন করা হবে তার মোট দৈর্ঘ্য সাড়ে চার মাইল। খালটি হবে ২৪ ফুট চওড়া এবং গড়পরতায় আট ফুট গভীর।

প্রায় দু'হাজার একর জমিতে সেচের পানি যোগানো ছাড়াও এই প্রকল্প সড়ক যোগাযোগ গড়ে তুলতে এবং বন্যানিয়ন্ত্রণেও সহায়ক হবে।

প্রকল্পটি সম্পন্ন হলে বছরে ১ কোটি ২০ লাখ টাকার অতিরিক্ত ফসল পাওয়া যাবে। পারিশ্রমিকের ভিত্তিতে মজুরদের দ্বারা করা হলে প্রকল্পটি সম্পন্ন করতে আনুমানিক চার লাখ আট হাজার টাকা ব্যয় হবে।

প্রকল্পের কাজ উদ্বোধন উপলক্ষে প্রেসিডেন্ট সাত্তার প্রকল্প এলাকায় সমবেত লোকদের উদ্দেশেও ভাষণ দেন। সমাবেশে জনশক্তি উন্নয়ন উপমন্ত্রী মিসেস কামরুন্নাহার জাফর এবং সংসদ সদস্য কর্নেল (অবঃ) অলি আহমেদও বক্তৃতা করেন।